

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং ১২.০০.০০০০.০৩০.৪০.২২০.২০-৫২

তারিখ: ২২/০৬/১৪২৭ বঙ্গাব্দ  
০৭/১০/২০২০ খ্রিষ্টাব্দবিষয়: ইউরিয়া ও নন-ইউরিয়া সার উত্তোলন সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রণালয় স্মারক নং ১২.০০.০০০০.০৩৪.৪০.২১৭.২০-২৩১ তারিখ: ২৬.০৮.২০২০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অর্থবছরের বিগত মাসসমূহে (জুলাই-সেপ্টেম্বর) বরাদ্দকৃত সারের উত্তোলনের প্রমাণক হিসেবে কয়েকটি জেলা থেকে এ্যরাইভাল রিপোর্ট প্রেরণ করা হয়। প্রাপ্ত এ্যরাইভাল রিপোর্ট পর্যালোচনায় নিম্নোক্ত বিদ্যুতিসমূহ পরিলক্ষিত হয়:

- এ্যরাইভাল রিপোর্টগুলোতে সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা কিংবা সংশ্লিষ্ট কর্মকর্তার সিল ও স্বাক্ষর নেই;
- উপজেলা কৃষি কর্মকর্তা কিংবা সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সার প্রাপ্তির কোন প্রত্যয়ন নেই;
- ডিলার কর্তৃক কৃষি অফিসে দাখিলকৃত আগমনী বার্তায় ডায়েরি নং, ডিলারের স্বাক্ষর, সারের নাম, উৎস ইত্যাদি তথ্যের অনুপস্থিতি;
- অধিকাংশ জেলায় কৃষি তাত্ত্বিক চাহিদার কথা বিবেচনা না করে বিএফএ'র দাবী অনুযায়ী অতিরিক্ত সারের চাহিদাপত্র প্রেরণ করা হয়।

২। বিগত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে সকল জেলায় সমানুপাতে মাসিক চাহিদার বিপরীতে প্রায় ৫০% ডিএপি সারের চাহিদা বৃদ্ধিপূর্বক বরাদ্দ প্রদান করা হচ্ছে। তারপরও জেলাসমূহে নিয়মিত বরাদ্দের সার উত্তোলন সম্পন্ন না করে অতিরিক্ত সারের চাহিদা প্রেরণ করা হচ্ছে।

৩। এমতাবস্থায়, জেলার নিয়মিত চাহিদার বিপরীতে কৃষি মন্ত্রণালয় ও বিসিআইসি হতে বরাদ্দকৃত সকল সারের ডিলারওয়ারী (বিসিআইসি ও বিএডিসি'র ডিলার) উৎসভিত্তিক উত্তোলনের তথ্য, উপ-বরাদ্দপত্র, চালানের কপি, এ্যরাইভাল রিপোর্টে কৃষি অফিসের তারিখসহ ডায়েরি নং, সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর, সিল সম্বলিত প্রত্যয়ন প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Azaj*  
০৭.১০.২০২০

(এজাজুল হক)

গবেষণা কর্মকর্তা

ফোন: ৯৫৪৫৪৭৪

ইমেইল: [azaj.moa@gmail.com](mailto:azaj.moa@gmail.com)

বিতরণ:

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি..... (সকল)।
- ২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি .....(সকল)।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সহকারি প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন (বিএফএ), ১৬৬-১৬৭, পুরানা পল্টন, ঢাকা।